

দক্ষিণ দমদম পৌরসভা

বীরেণ গুহ মুক্তমঞ্চ

ওয়ার্ড - ৩০, কোলকাতা

অংশগ্রহণের শর্তাবলী

- ০১) ভারতীয় আইন অনুসারে আগরাধ বলে গন্য এমন কিছু প্রদর্শনী বা অনুষ্ঠান অথবা জন মানসে নৈতিকতার দিক থেকে হানিকর, রুচিহীন কোন অনুষ্ঠান রবীন্দ্রভবনে পরিবেশন করা যায় না। করলে কর্তৃপক্ষ হস্তক্ষেপ করতে পারবেন।
- ০২) মঞ্চে কোনরকম দাহ্য পদার্থ, ধোঁয়া বা বিস্ফোরক ব্যবহার করা নিষেধ। যদি একান্তই প্রয়োজন হয় তবে সীমিত আকারে ব্যবহারের জন্য পূর্বেই মঞ্চ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।
- ০৩) পূর্বানুমতি ছাড়া মঞ্চের কোনও ফিটিং সরানো যাবে না।
- ০৪) মঞ্চ ও প্রেক্ষাগৃহের ক্ষয়-ক্ষতি হলে তার জন্য সেদিনের ব্যবহারকারী সংস্থা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- ০৫) প্রেক্ষাগৃহে মাদক দ্রব্য খাওয়া বা গান করা নিষিদ্ধ।
- ০৬) সকালের অনুষ্ঠানের ক্ষেত্রে ৩০মিনিট আগে এবং সন্ধ্যার অনুষ্ঠানের সময়ের ৩০ মিনিট আগে প্রেক্ষাগৃহ প্রস্তুতির জন্য দেওয়া হবে এবং অনুষ্ঠানের আধ ঘণ্টা আগে দর্শকদের জন্য প্রেক্ষাগৃহের মূল দরজা খোলা হবে। যদি কোনো বুকিং না থাকে।
- ০৭) নির্দিষ্ট সময়ের মধ্যে অনুষ্ঠান শেষ করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষ অতিরিক্ত সময়ের জন্য অর্থ আদায় করবেন। অতিরিক্ত সময় কোনভাবেই আধ ঘণ্টার বেশী করা যাবে না। অতিরিক্ত আধ ঘণ্টার জন্য এক হাজার টাকা সিকিউরিটি ডিগোজিট থেকে কেটে নেওয়া হবে।
- ০৮) মঞ্চে অনুষ্ঠানের সময় ব্যবহারকারী সংস্থা সাধারণভাবে ৩টি প্লাস্টিক টেবিল, ১টি কাঠের চেয়ার, ২০টি প্লাস্টিক চেয়ার, ২৫টি ভি.আই.পি. চেয়ার পেতে পারেন।
- ০৯) অনুষ্ঠানের সময় ব্যবহারকারী সংস্থাকে সাধারণভাবে Micro Phone 5Pcs., নাটকের জন্য , সাধারণ Micro Phone 3 Pcs., Cordless Micro Phone 1 Pcs., এবং Sound System দেওয়া হবে। Micro Phone-এর প্রয়োজনীয় পেনসিল ব্যাটারী ব্যবহারকারী সংস্থাকে আনতে হবে।
- ১০) অনুষ্ঠান চলাকালীন জিনিসপত্রের দায়িত্ব সেদিনের ব্যবহারকারী সংস্থার। কোনরকম ক্ষয়-ক্ষতির জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ১১) হল বুকিং-এর সময় সম্পূর্ণ টাকা দিয়ে হল বুকিং করতে হবে। বুকিং নাকচ করলে ১০০% টাকা কেটে নেওয়া হবে। যদি ঐ দিন অন্যের দ্বারা হল বুকিং হয় তাহলেই সম্পূর্ণ টাকা ফেরৎ দেওয়া হবে। **Deposit** টাকা অবশ্যই দিতে হবে।